

রঞ্জাল পাওয়ার কোম্পানী লিঃ  
বাড়ী#১৯, রোড #১/বি  
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন কমিটির অক্টোবর, ২০১৭ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

বিজ্ঞাখস মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রঞ্জাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন কমিটির অক্টোবর, ২০১৭ মাসের মাসিক সভা ০৮/১০/২০১৭ ইং তারিখ রোজ রবিবার দুপুর ১১.৩০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে কমিটির আহবায়ক ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) মোঃ সেলিম ভূঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ, গাজীপুর, রাউজান) ইনোভেশন কমিটির সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহণ করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয়:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির উপর আলোচনা।	সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং উক্ত প্রতিবেদনের উপরে বিস্তারিত আলোচনা করা হয়।	প্রতি মাসের মাসিক সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আলোচনা করার বিষয়টি অব্যাহত রাখার ব্যাপারে এবং প্রতিমাসে নিয়মিত মন্ত্রনালয়ের ইনোভেশন কমিটির নিকট প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
২	ই-ফাইলিং বাস্তবায়ন।	আরপিসিএল সদরের দপ্তরে ই-ফাইলিং কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়। এ পর্যন্ত ই-ফাইলিং এ ১১১ টি ডাক গ্রহণ, ২১৮ টি নোট নিষ্পন্ন ও ৯৭ টি পত্রজারী সম্পন্ন হয়েছে। প্ল্যান্ট সমূহের মধ্যে ময়মনসিংহ পাওয়ার স্টেশন ইতোমধ্যেই লাইভ সার্ভারে ই-ফাইলিং এর কার্যক্রম শুরু করেছে। বাকি দুইটি পাওয়ার প্ল্যান্ট অক্টোবরের মধ্যে লাইভ সার্ভারে কার্যক্রম শুরু করবে।	আরপিসিএল এর জিপিপি ও আরপিপি কে তাদের ফাইলের কাজ ই-ফাইলিং এর লাইভ সার্ভারে সম্পন্নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	প্ল্যান্ট ইনচার্জ জিপিপি/ আরপিপি
৩	Online Leave and ICT Service চালুকরণ।	ছুটি ও ICT সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পাদনের লক্ষ্যে ERP software এ Leave এবং ICT Service Modules চালু করা হয়েছে।	ছুটি ও ICT সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পাদনের লক্ষ্যে একটি দপ্তরাদেশ জারী করার জন্য মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন) কে অনুরোধ করা হয়।	মহাব্যবস্থাপক (মানবসম্পদ এবং প্রশাসন)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪	ইনোভেশন আইডিয়া চর্চা	সভায় নতুন নতুন ইনোভাটিভ উদ্যোগ কিভাবে গ্রহন করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও ছোট-ছোট যেকোন ধরনের ইনোভেটিভ উদ্যোগ গ্রহণের জন্য সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের উদ্বুদ্ধ করণের বিষয়ে আলোচনা হয়।	আরপিসিএল এর ইনোভেশন কমিটির ২০১৮ সালের বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণের জন্য সদর দপ্তরসহ প্রত্যেক বিদ্যুৎ কেন্দ্র হতে নতুন নতুন ইনোভাটিভ আইডিয়াসমূহ নির্ধারিত ফরম্যাটে আগামী ১৫ই অক্টোবরের মধ্যে সদরদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট বিভাগী প্রধান/ প্যান্ট ইনচার্জ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/১০/১৯

(মোঃ সেলিম ভূঁইয়া)

আহবায়ক ইনোভেশন কমিটি

ও

নির্বাহী পরিচালক (প্রকৌশল)

রঞ্জাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩. ১১২৬

তারিখঃ ০৮/১০/২০১৭ ইং

সংযুক্তি :

১. আরপিসিএল এর ইনোভেশন কমিটির বার্ষিক কর্মপরিকল্পনার সেপ্টেম্বর , ২০১৭ মাসের অগ্রগতির প্রতিবেদন।  
অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ-সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রনালয় , ঢাকা।
৪. ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
৫. প্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
৬. অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) :

১. মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
২. প্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম। (আলোচ্যসূচী-২,৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩. সহকারী ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণের ব্যবস্থা নিবেন)